


ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি। ইসলামী শরী'আহ্ মোতাবেক পরিচালিত

# গ্রাহকদের জন্য প্রশ্নোত্তর (FAQs - Customer)

## বাংলা কিউআর (Bangla QR) ক্যাম্পেইন কী?

এটি একটি প্রচারণামূলক অফার, যার মাধ্যমে ক্যাম্পেইন চলাকালীন সেলফিন বা এমক্যাশ-এর মাধ্যমে বাংলা কিউআর ব্যবহার করে সর্বোচ্চ লেনদেনকারী গ্রাহকদের পুরস্কৃত করা হবে।

## গ্রাহক ক্যাম্পেইনে কারা অংশ নিতে পারবেন?

সেলফিন ও এমক্যাশ-এর সকল ব্যবহারকারী, যারা বাংলা কিউআর ব্যবহার করে লেনদেন করবেন, তারা এই ক্যাম্পেইনে অংশগ্রহণের যোগ্য হবেন।

## আমি কীভাবে পুরস্কার জিততে পারি?

অফারের সময়সীমার মধ্যে সেলফিন বা এমক্যাশের মাধ্যমে বাংলা কিউআর ব্যবহার করে সম্পন্ন করা সর্বোচ্চ মোট লেনদেনের সংখ্যা এবং মোট লেনদেনের পরিমাণের ভিত্তিতে পুরস্কার প্রদান করা হবে।

## সর্বোচ্চ লেনদেনকারী গ্রাহকদের জন্য পুরস্কার কী?

সর্বমোট **৫০ জন গ্রাহক** একটি করে স্মার্টফোন জিতবেন:

√ সেরা ৪০ জন সেলফিন ব্যবহারকারী

√ সেরা ১০ জন এমক্যাশ ব্যবহারকারী

## কীভাবে বাংলা কিউআর ব্যবহার করে পেমেন্ট করব?

√ আপনার সেলফিন বা এমক্যাশ অ্যাপ খুলুন।

√ Bangla QR অপশনটি নির্বাচন করুন।

√ কেনাকাটার সময় মার্চেন্টের বাংলা কিউআর কোডটি স্ক্যান করুন।

√ টাকার পরিমাণ লিখুন এবং আপনার গোপন পিন (PIN) দিয়ে পেমেন্ট নিশ্চিত করুন।

## বিজয়ী কীভাবে নির্বাচন ও অবহিত করা হবে?

ক্যাম্পেইন শেষে সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে সংগৃহীত লেনদেনের তথ্যের ভিত্তিতে বিজয়ী নির্বাচন করা হবে। বিজয়ী গ্রাহকদের সাথে তাদের নিবন্ধিত ফোন নম্বরে যোগাযোগ করা হবে।

## অধিক তথ্যের জন্য কোথায় যোগাযোগ করব?

যেকোনো অনুসন্ধানের জন্য আমাদের ২৪/৭ কল সেন্টারে (১৬২৫৯) কল করুন, নিকটস্থ শাখা বা উপ-শাখায় যোগাযোগ করুন, অথবা আমাদের অফিসিয়াল সোশ্যাল মিডিয়া পেজগুলো ভিজিট করুন।

* ক্যাম্পেইন মেয়াদ: ২৩ আগস্ট - ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত

* শর্ত প্রযোজ্য

12744_IBBL_12274_26 Bangla QR Code EDM | Size: 8.25 inch x 11 inch




ইসলামী ব্যাংক
বাংলাদেশ পিএলসি. | ইসলামী শরী'আহ্ মোতাবেক পরিচালিত

# মার্চেন্টদের জন্য প্রশ্নোত্তর (FAQs - Merchant )

## বাংলা কিউআর শীর্ষ মার্চেন্ট পুরস্কার ক্যাম্পেইন কী?

এটি একটি বিশেষ উৎসাহব্যঞ্জক প্রোগ্রাম, যার উদ্দেশ্য হলো ক্যাম্পেইন চলাকালীন ইসলামী ব্যাংক-বাংলা কিউআর-এর মাধ্যমে গ্রাহকদের পেমেন্ট গ্রহণকারী মার্চেন্টদের স্বীকৃতি ও পুরস্কৃত করা।

## মার্চেন্ট ক্যাম্পেইনে কারা অংশ নিতে পারবেন?

বাংলা কিউআর পেমেন্ট গ্রহণকারী সকল নিবন্ধিত মার্চেন্ট স্বয়ংক্রিয়ভাবে নিচে উল্লেখিত ৪টি ক্যাটাগরিতে অংশগ্রহণের যোগ্য হবেন:

- মার্চেন্ট এ (জাতীয়/চেইন): ২০টির বেশি আউটলেট এবং উচ্চ লেনদেন সম্বলিত বড় চেইন ব্র্যান্ডসমূহ ।
- মার্চেন্ট বি (আঞ্চলিক/মাঝারি): ২ থেকে ২০টি আউটলেট থাকা স্থানীয় চেইন সুপারমার্কেট, সুপারশপ বা ব্যবসা প্রতিষ্ঠান।
- মার্চেন্ট সি (স্থানীয়/একক আউটলেট): স্বাধীন মুদির দোকান, একক আউটলেট বা স্থানীয় রেস্তোরাসমূহ ।
- মার্চেন্ট ডি (মাইক্রো মার্চেন্ট): ক্ষুদ্র পরিসরের মাইক্রো-মার্চেন্ট এবং ব্যক্তি পর্যায়ের বিক্রেতাগণ ।

## পুরস্কারের জন্য শীর্ষ মার্চেন্ট কীভাবে নির্বাচন করা হবে?

ক্যাম্পেইন চলাকালীন বাংলা কিউআর-এর মাধ্যমে সংগৃহীত মোট লেনদেনের সংখ্যা এবং সর্বমোট লেনদেনের পরিমাণের ভিত্তিতে বিজয়ী নির্ধারণ করা হবে।

## বিজয়ী মার্চেন্টদের জন্য কী কী পুরস্কার রয়েছে?

মার্চেন্ট ক্যাটাগরি অনুযায়ী পুরস্কার আলাদা হবে:

- গ্রুপ এ এবং বি: বিজয়ী মার্চেন্টদের মর্যাদাপূর্ণ **ক্রেস্ট ও সার্টিফিকেট** প্রদান করা হবে
- গ্রুপ সি এবং ডি: গ্রুপ সি এবং ডি মিলিয়ে মোট **৫০ জন শীর্ষ মার্চেন্টকে** আকর্ষণীয় স্মার্ট গ্যাজেট প্রদান করা হবে ।

## অধিক তথ্যের জন্য কোথায় যোগাযোগ করব?

যেকোনো অনুসন্ধানের জন্য আমাদের ২৪/৭ কল সেন্টারে (১৬২৫৯) কল করুন, নিকটস্থ শাখায় যোগাযোগ করুন, অথবা আমাদের অফিসিয়াল সোশ্যাল মিডিয়া পেজগুলো দেখুন।

* ক্যাম্পেইন মেয়াদ: ২৩ আগস্ট - ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত

* শর্ত প্রযোজ্য